



ডিও পত্র নং-

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০২ জুলাই ২০১৭ খ্রিঃ
তারিখঃ ২৩/০২/২০১৭ খ্রিঃ

শ্রী হুমায়ুন

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৯ সালের মধ্যে “সবার জন্য বাসস্থান” নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫ নং অনুচ্ছেদেও সবার জন্য বাসস্থানের নিশ্চয়তা বিধানের নির্দেশনা রয়েছে। তাছাড়া ২০২১ সালের মধ্যে দেশকে উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে দারিদ্র্য দূরীকরণের অন্যতম পদক্ষেপ হিসেবেও দেশের “সবার জন্য বাসস্থান” নিশ্চিত করা প্রয়োজন। মাননীয় প্রধানমন্ত্রীর এ মহৎ উদ্যোগ বাস্তবায়ন করতে হলে প্রথমেই গৃহহীনদের একটি নির্ভুল তালিকা প্রস্তুত করে তাদের পুনর্বাসনকল্পে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।

গৃহহীনদের তালিকা প্রণয়নের জন্য আশ্রয়ণ-২ প্রকল্প হতে ইতোমধ্যে আপনিসহ আপনার অধীন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে বহু সংখ্যক পত্র প্রেরণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) ও ডিডিও কনফারেন্সিং এর মাধ্যমে গৃহহীনের তালিকা প্রণয়ন করে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেছেন। ইতোমধ্যে ৫৭ টি জেলা হতে গৃহহীনদের তালিকা পাওয়া গেছে, কিন্তু কোন জেলা হতেই তাদের পুনর্বাসনকল্পে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রেরণ করা হয়নি। তাছাড়া প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত তালিকা যাচাই করে দেখা গেছে তালিকা যথাযথভাবে প্রণীত হয়নি।

যাদের জমি বা ঘর কোনটিই নেই তারা “ক” শ্রেণী, যাদের ০১-১০ (এক থেকে দশ) শতাংশ জমি আছে কিন্তু ঘর নেই তারা “খ” শ্রেণী ও যাদের ০১-১০ শতাংশ জমি আছে এবং ঘরও আছে, কিন্তু তা জরাজীর্ণ তারা “গ” শ্রেণীভুক্ত হবে। “খ” শ্রেণীভুক্ত গৃহহীনদের তাদের নিজ জমিতে সহজেই ঘর নির্মাণ করে দেয়া সম্ভব হবে। কিন্তু “ক” শ্রেণীভুক্ত গৃহহীনদের পুনর্বাসনকল্পে খাস জমি চিহ্নিতকরণ ও তা উদ্ধার করে প্রকল্প প্রস্তাব প্রেরণ করার প্রয়োজন হবে। ফলে কোন বছর কোন শ্রেণীর কতজন গৃহহীনকে কীভাবে পুনর্বাসন করা হবে, মাঠ পর্যায়ে তার একটি বাস্তবসম্মত কর্মপরিকল্পনা থাকা প্রয়োজন। এ অবস্থায় ২৫/০১/২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত সেন্ট্রাল স্টিয়ারিং কমিটির সভায় সকল বিভাগে গৃহহীনের নির্ভুল তালিকা প্রণয়নপূর্বক তাদের পুনর্বাসনকল্পে একটি বাস্তবসম্মত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ১৫ দিনের মধ্যে প্রেরণ করার জন্য বলা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর এ মহৎ উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে আগামী ১৫ দিনের মধ্যে আপনার বিভাগের সকল গৃহহীনের তালিকা প্রণয়নপূর্বক তাদের পুনর্বাসনকল্পে একটি বাস্তবসম্মত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নে আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করছি।

শ্রী হুমায়ুন

আন্তরিকভাবে আপনার

ড. কামাল আবদুল নাসের চৌধুরী

প্রাপক
জনাব হেলালুদ্দীন আহমদ
কমিশনার, ঢাকা বিভাগ
ঢাকা।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী